**কর্মশালার সময় : সকাল ০৯.৩০ মিনিট**

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

## ২০১৭ সালের এইচএসসি পরীক্ষার প্রধান পরীক্ষক ও পরীক্ষকগণের কর্মশালা এবং উত্তরপত্র বিতরণের তারিখ

| ক্রমিক নম্বর | বিষয়ের নাম | বিষয় কোড | প্রধান পরীক্ষকের কর্মশালার তারিখ | উত্তরপত্র বিতরণের কর্মশালার তারিখ |
|---|---|---|---|---|
| ১. | বাংলা (আবশ্যিক) - ১ম পত্র | ১০১ | ১৯/০৪/২০১৭ | ২০/০৪/২০১৭ |
| ২. | বাংলা (আবশ্যিক) - ২য় পত্র | ১০২ | ২২/০৪/২০১৭ | ২৩/০৪/২০১৭ |
| ৩. | ইংরেজি(আবশ্যিক) - ১ম পত্র | ১০৭ | ২৪/০৪/২০১৭ | ২৫/০৪/২০১৭ |
| ৪. | ইংরেজি(আবশ্যিক) - ২য় পত্র | ১০৮ | ২৬/০৪/২০১৭ | ২৭/০৪/২০১৭ |
| ৫. | ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি<br>খ) কম্পিউটার শিক্ষা (১ম+২য়) | ২৭৫<br>২৩৭+২৩৮ | ২৯/০৪/২০১৭ | ৩০/০৪/২০১৭ |
| ৬. | ক) পৌরনীতি ও সুশাসন (১ম+২য়)<br>খ) পরিসংখ্যান(১ম+২য়) | ২৬৯+২৭০<br>১২৯+১৩০ | ০২/০৫/২০১৭ | ০৩/০৫/২০১৭ |
| ৭. | ক) হিসাববিজ্ঞান(১ম+২য়<br>খ) জীববিজ্ঞান(১ম+২য়) | ২৫৩+২৫৪<br>১৭৮+১৭৯ | ০৩/০৫/২০১৭ | ০৪/০৫/২০১৭ |
| ৮. | ক) মনোবিজ্ঞান(১ম+২য়)<br>খ) ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা(১ম+২য়)<br>খ) গার্হস্থ্য বিজ্ঞান/অর্থনীতি(১ম+২য়) | ১২৩+১২৪<br>২৯২+২৯৩<br>২৭৩/১৩১+২৭৪+১৩২ | ০৭/০৫/২০১৭ | ০৮/০৫/২০১৭ |
| ৯. | ক) পদার্থবিজ্ঞান(১ম+২য়)<br>খ) ব্যবসায় সংগঠন ও ব্যব:/ব্যব: ও প্রয়োগ(১ম+২য়) | ১৭৪+১৭৫<br>২৭৭+২৭৮ | ০৮/০৫/২০১৭ | ০৯/০৫/২০১৭ |
| ১০. | ক) সমাজবিজ্ঞান (১ম+২য়)<br>খ) অর্থনীতি (১ম+২য়) | ১১৭+১১৮<br>১০৯+১১০ | ১৩/০৫/২০১৭ | ১৪/০৫/২০১৭ |
| ১১. | ক) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১ম+২য়)<br>খ) সমাজ কর্ম/সমাজ কল্যাণ (১ম+২য়) | ২৬৭+২৬৮<br>২৭১+২৭২ | ১৫/০৫/২০১৭ | ১৬/০৫/২০১৭ |
| ১২. | ক) রসায়ন (১ম+২য়)<br>খ) ইতিহাস(১ম+২য়) | ১৭৬+১৭৭<br>৩০৪+৩০৫ | ১৭/০৫/২০১৭ | ১৮/০৫/২০১৭ |
| ১৩. | ক) যুক্তিবিদ্যা(১ম+২য়)<br>খ) কৃষিশিক্ষা(১ম+২য়)<br>গ) বাচিবিক বিদ্যা ও অ.(১ম+২য়) | ১২১+১২২<br>২৩৯+২৪০<br>২৩৫+২৩৬ | ২১/০৫/২০১৭ | ২২/০৫/২০১৭ |
| ১৪. | ক) ভূগোল(১ম+২য়)<br>খ) উচ্চতর গণিত/গণিত(১ম+২য়) | ১২৫+১২৬<br>২৬৫+২৬৬ | ২২/০৫/২০১৭ | ২৩/০৫/২০১৭ |
| ১৫. | ক) ইসলাম শিক্ষা - (১ম+২য়)<br>খ) উৎপাদন ব্যব: ও বিপণন/অর্থায়ন ও উৎপাদন এবং বিপণন(১ম+২য়) | ২৪৯+২৫০<br>২৮৬+২৮৭ | ২৪/০৫/২০১৭ | ২৫/০৫/২০১৭ |
| ১৬. | ইংরেজি ভার্ষন এবং প্রধান পরীক্ষক বিহীন অন্যান্য সকল বিষয় | ১৩৩+১৩৪, ১৩৭+১৩৮, ১৮২+১৮৩, ২২২<br>১৮৮+১৮৯, ১৯২+১৯৩+১৯৪, ১৯৭+১৯৮,<br>১৯৯+২০০, ২১৬+২১৭+২১৮+২১৯,<br>২২৫+২২৬, ২২৯+২৩০, ২৩১+২৩২,<br>২৩৩+২৩৪ | -- | ২৭/০৫/২০১৭ |

উল্লেখ্য প্রধান পরীক্ষকদের কর্মশালা বোর্ডের সভাকক্ষে এবং পরীক্ষকদের কর্মশালা বোর্ডের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে।

**প্রফেসর তরুণ কুমার সরকার**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

F.D.U.P-11

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

Web site : www.rajshahieducationboard.gov.bd
E-mail : ce.biser@yahoo.com

## প্রধান পরীক্ষক/পরীক্ষকের করণীয়

১. ২০১৭ সালের এইচএসসি পরীক্ষায় প্রধান পরীক্ষক ও পরীক্ষকদের নামে কোন নিয়োগপত্র ইস্যু করা হবে না। সংশ্লিষ্ট প্রধান পরীক্ষক/পরীক্ষকদের নাম ও কোড সম্বলিত তালিকা রাজশাহী শিক্ষা বোর্ডের Website : www.rajshahieducationboard.gov.bd থেকে প্রিন্ট করে নিতে হবে এবং উক্ত প্রিন্ট আউট, প্রতিষ্ঠান প্রধানের হালনাগাদ প্রত্যয়নপত্রে নমুনা স্বাক্ষর সত্যায়নসহ জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিয়ে উত্তরপত্র গ্রহণ করতে হবে। পরীক্ষা নিয়ন্ত্রক এবং প্রধান পরীক্ষক কর্তৃক প্রদত্ত নির্দেশাবলী অনুসরণ করতে হবে।

২. পরীক্ষক ও প্রধান পরীক্ষকগণের উত্তরপত্র মূল্যায়নের কর্মশালায় তাঁর উপস্থিতি বাধ্যতামূলক। কর্মশালায় উপস্থিত হয়ে প্রধান পরীক্ষকের সাথে যৌথভাবে উত্তরপত্র মূল্যায়ন শেষে নম্বর প্রদানের যৌক্তিকতা ব্যাখ্যা করে সমন্বিত সিদ্ধান্ত গ্রহণের পর প্রধান পরীক্ষকের নিকট নামযুক্ত প্রিন্ট আউট কপিটি জমা দিবেন। জমাকৃত প্রিন্ট আউট কপি অনুযায়ী উপস্থিত পরীক্ষকদের মধ্যে উত্তরপত্র বন্টন করা হবে। উত্তরপত্র গ্রহণের সময় প্রতিষ্ঠান প্রধানের নমুনা স্বাক্ষরযুক্ত প্রত্যয়ন পত্র ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি গোডাউনে জমা দিতে হবে। কোনক্রমেই পরবর্তী সময়ে উত্তরপত্র পাওয়ার সুযোগ থাকবে না।

৩. তাঁর নামে বরাদ্দকৃত উত্তরপত্র ব্যক্তিগতভাবে নির্ধারিত সময়ে কর্মশালায় যোগদান করে উত্তরপত্র মূল্যায়ন শেষে গ্রহণ করতে হবে।

৪. প্রতিষ্ঠান প্রধানের ক্ষেত্রে হালনাগাদ প্রত্যয়নপত্র ম্যানিজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি/ডিসি/ডিডি/ইউএনও কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।

৫. উত্তরপত্র প্রাপ্তির পর সর্বমোট উত্তরপত্র গণনাপূর্বক সমুদয় উত্তরপত্রের বিষয় কোড সঠিক আছে কিনা তা মিলিয়ে দেখতে হবে এবং প্রাপ্ত উত্তরপত্রের সংখ্যা প্রধান পরীক্ষককে অবহিত করতে হবে।

৬. ভুল কিংবা মিথ্যা তথ্য প্রদান করে কেউ পরীক্ষক নিযুক্ত হলে তাঁর নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭. নির্ধারিত সময়ের মধ্যে মূল্যায়নকৃত উত্তরপত্র প্রধান পরীক্ষকের নিকট অবশ্যই জমা দিতে হবে। বরাদ্দকৃত উত্তরপত্র প্রধান পরীক্ষকের নিকট জমা না দিয়ে কোন অবস্থাতেই কর্মস্থল ত্যাগ করা যাবে না।

৮. উত্তরপত্র মূল্যায়নের সময় পরীক্ষকের যদি সন্দেহ হয় যে, পরীক্ষার্থী অসুদপায় অবলম্বন করেছে তবে তিনি অসুদপায়ের প্রকৃতি উল্লেখ পূর্বক একটি গোপনীয় প্রতিবেদন (উত্তরপত্রসহ) প্রধান পরীক্ষকের নিকট পাঠাবেন। প্রতিবেদনের একটি কপি পরীক্ষা নিয়ন্ত্রকের ব্যক্তিগত নামে পাঠাতে হবে।

৯. পরীক্ষা সংক্রান্ত সকল প্রকার যোগাযোগের ক্ষেত্রে বিষয় কোড ও পরীক্ষক কোড অবশ্যই উল্লেখ করতে হবে।

১০. উত্তরপত্রের কভার পৃষ্ঠায় (OMR) এ পরীক্ষক/প্রধান পরীক্ষকের প্রয়োজনীয় অংশসমূহে পূর্বে থেকে কোন অবাঞ্চিত দাগ/লিখো কোড পরিবর্তন/বৃত্ত পূরণ করা থাকলে তা প্রধান পরীক্ষককে অবহিত করতে হবে।

১১. উত্তরপত্রের কভার পৃষ্ঠার ২য় ও ৩য় অংশে পরীক্ষকদের জন্য নির্ধারিত বক্সের ভিতর স্বাক্ষর করতে হবে। বক্সের বাইরে কোনক্রমেই স্বাক্ষর করা যাবে না।

১২. এক বিষয়/পত্রের পরীক্ষক অন্য বিষয়/পত্রের উত্তরপত্র ভুলবশত: পেলে তা মূল্যায়ন না করে সরাসরি পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে হাতে হাতে জমা দিতে হবে।

১৩. প্রিন্ট আউট কপিতে কোন শিক্ষকের ছেলে/মেয়ে/পোষ্য পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি পরীক্ষক/প্রধান পরীক্ষক হতে পারবেন না।

১৪. এতদসঙ্গে সংযুক্ত তালিকায় বর্ণিত তারিখ ও সময়ানুযায়ী প্রধান পরীক্ষক/পরীক্ষকদের কর্মশালা বোর্ডের সভাকক্ষে/হল রুমে অনুষ্ঠিত হবে।

**প্রফেসর তরুণ কুমার সরকার**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী